



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd



২৮ ফাল্গুন ১৪২৮

তারিখঃ

১৩ মার্চ ২০২২

ডিএফআইএম সার্কুলার নং-০৫

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের আমানত সংগ্রহে অগ্রহণযোগ্য ব্যয় নির্বাহ প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কতিপয় আর্থিক প্রতিষ্ঠান আমানত সংগ্রহের লক্ষ্যে কমিশন, উন্নয়ন ব্যয়, ব্যবসা উন্নয়ন খরচ ইত্যাদি বিভিন্ন খাতে/শিরোনামে অর্থ ব্যয় করছে যা অনৈতিক ও অগ্রহণযোগ্য। বর্ণিত কার্যক্রমের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান অর্থোজিকভাবে তহবিল ব্যয় বৃদ্ধি করছে যা প্রতিষ্ঠানসমূহের ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফার হারকে উর্ধ্বমুখী হতে প্রভাবিত করছে।

বর্ণিত প্রেক্ষাপটে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আর্থিক প্রতিষ্ঠানসমূহ আমানত আহরণে তাদের ঘোষিত সুদ/মুনাফা হার ব্যতীত কোন প্রকার প্রচ্ছন্ন ব্যয় (কমিশন, ব্যবসা উন্নয়ন খরচ, উন্নয়ন ব্যয় বা যে নামেই অভিহিত করা হোক না কেন) নির্বাহ করবে না। এতদ্ব্যতীত, আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের সুদ/মুনাফার হার সংক্রান্ত হালনাগাদ তথ্য নিয়মিতভাবে নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(রনজিৎ কুমার রায়)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৪৯